# Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and Crown Prince of Abu Dhabi H.H. Sheikh Mohamed bin Zayed Al Nahyan

September 03, 2021

# প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ও আবু ধাবীর যুবরাজ শেখ মোহামেদ বিন জায়েদ আল নাহিয়ানের মধ্যে টেলিফোনে কথা

সেপ্টেম্বর 03,2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে আবু ধাবীর যুবরাজ শেখ মোহামেদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। ভারত- সংযুক্ত আরব আমিরশাহীর সর্বাঙ্গীণ কৌশলগত অংশীদারীত্বের বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার তাঁরা মূল্যায়ন করেছেন। কোভিড-১৯ মহামারীর সময় ভারতীয় সম্প্রদায়কে যেভাবে সংযুক্ত আরব আমিরশাহী সাহায্য করেছে, প্রধানমন্ত্রী তার প্রশংসা করেন। আগামী পয়লা অক্টোবর থেকে দুবাইতে এক্সপো ২০২০ আয়োজিত হবে। শ্রী মোদী এই আয়োজনের সাফল্য কামনা করেন।

উভয় নেতা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক নানা বিষয় নিয়ে আলোচনা করেছেন। পৃথিবী থেকে সন্ত্রাসবাদ ও চরমপন্থা নির্মূল করার বিষয়ে দুই নেতা সহমত পোষণ করেন । এই ধরণের শক্তির বিরুদ্ধে আন্তর্জাতিক সম্প্রদায়ের একজোট হওয়া উচিৎ বলে তাঁরা মনে করেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 03,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.